বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচী-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২২.**২০৯**

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৯ ব. / ২৬ জুলাই ২০২২ খ্রি.

**বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে অর্থ ও খাদ্যশস্য ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ছকে উল্লিখিত নির্বাচনী এলাকা ও উপজেলা পরিষদের বিপরীতে ১ম কিস্তিতে পার্শ্বে বর্ণিত হারে **মোট ৫০০,০০,০০,০০০/- (পাঁচশত কোটি) টাকা এবং ৩৩,৩৩৩.৩৩৩ (তেত্রিশ হাজার তিনশত তেত্রিশ দশমিক তিন তিন তিন) মে.টন চাল এবং ৩৩,৩৩৩.৩৩৩ (তেত্রিশ হাজার তিনশত তেত্রিশ দশমিক তিন তিন তিন) মে.টন গম** বরাদ্দ প্রদানপূর্বক নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এ ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ), ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল), ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) কোড হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | বরাদ্দের খাত | ১ম কিস্তিতে বরাদ্দ (টাকা ও খাদ্যশস্য) | | |
|---|---|---|---|---|
| | | বরাদ্দ (টাকা) | বরাদ্দচাল) (মে.টন) | বরাদ্দ (গম) (মেটন) |
| ১. | **নির্বাচনী এলাকা (২৬৩টি)।** | ২৪৮৭৩২০৫৮০.০০ | ১৬৫৮১.৯৮০ | ১৬৫৮১.৯৮০ |
| ২. | **সংরক্ষিত মহিলা আসন (৫০টি)।** | ১৫৮২১৯০১০.০০ | ১০৫৪.৮০০ | ১০৫৪.৮০০ |
| ৩. | **আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকার (১৭টি) আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে বরাদ্দের বিভাজন:** | | | |
| | আংশিক সিটি কর্পোরেশন নির্বাচনী এলাকা | বরাদ্দকৃত টাকা | বরাদ্দকৃত চাল (মে.টন) | বরাদ্দকৃত গম (মে.টন) |
| | রংপুর-১ | ৭০০০৩২১.৫৫ | ৪৬.৬৬৯ | ৪৬.৬৬৯ |
| | রংপুর-৩ | ৩৫৮৬৮৭৪.৬৭ | ২৩.৯১৩ | ২৩.৯১৩ |
| | খুলনা-৩ | ১২৩১৭৩৩.৫০ | ৮.২১২ | ৮.২১২ |
| | বরিশাল-৫ | ৫৬৪১৬৯৫.৪৩ | ৩৭.৬১১ | ৩৭.৬১১ |
| | ময়মনসিংহ-৪ | ৫৯৭১২২৫.৯৮ | ৩৯.৮০৮ | ৩৯.৮০৮ |
| | ঢাকা-২ | ৬২৫২৫৬৫.৭২ | ৪১.৬৮৪ | ৪১.৬৮৪ |
| | ঢাকা-১৪ | ১৭০৬৪২৭.৭৯ | ১১.৩৭৬ | ১১.৩৭৬ |
| | গাজীপুর-১ | ৫১৯৫৬৭৯.১২ | ৩৪.৬৩৮ | ৩৪.৬৩৮ |
| | গাজীপুর-৫ | ৩১৩৬৪৮২.৭৫ | ২০.৯১০ | ২০.৯১০ |
| | নারায়ণগঞ্জ-৪ | ৪৯৯৫৭৬১.১৫ | ৩৩.৩০৫ | ৩৩.৩০৫ |
| | নারায়ণগঞ্জ-৫ | ৬৩৯৪৭১৩.৮২ | ৪২.৬৩১ | ৪২.৬৩১ |
| | সিলেট-১ | ৬৪৯৬৯৪৯.৩১ | ৪৩.৩১৩ | ৪৩.৩১৩ |
| | সিলেট-৩ | ৯০১৫৯৯৮.৩৬ | ৬০.১০৭ | ৬০.১০৭ |
| | কুমিল্লা-৬ | ৫৩৬৪৩১৭.৩৯ | ৩৫.৭৬২ | ৩৫.৭৬২ |
| | চট্টগ্রাম-৪ | ৮০৭৮৭৩১.৪২ | ৫৩.৮৫৮ | ৫৩.৮৫৮ |
| | চট্টগ্রাম-৫ | ৭৬৬৩৮৭৬.৫২ | ৫১.০৯৩ | ৫১.০৯৩ |
| | চট্টগ্রাম-৮ | ৫০১১০১৬.৬৫ | ৩৩.৪০৭ | ৩৩.৪০৭ |
| | **মোটঃ** | **৯২৭৪৪৩৭১.১০ টাকা** | **৬১৮.২৯৬ মে.টন চাল** | **৬১৮.২৯৬ মে.টন গম** |
| ৪. | **উপজেলা পরিষদ (৪৯২টি)।** | ২২৬১৭১৬০৩৮.৯০ | ১৫০৭৮.২৫৭ | ১৫০৭৮.২৫৭ |
| | **সর্বমোট** | **৫০০০০০০০০০.০০ টাকা** | **৩৩৩৩৩.৩৩৩ মে.টন (চাল)** | **৩৩৩৩৩.৩৩৩ মে.টন (গম)** |

**শর্তসমূহঃ**

(১) বরাদ্দকৃত অর্থ /খাদ্যশস্য বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের বরাদ্দ নীতিমালা অনুযায়ী জনসংখ্যা, এলাকা ও দরিদ্রতা বিবেচনা করতে হবে; এক্ষেত্রে মন্ত্রণালয় হতে পৃথকভাবে বিভাজন অনুমোদনের প্রয়োজন নেই;

(২) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের প্রকল্প কাজ আগামী ৩০/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে;

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিটা/কাবিখা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ-৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

অপর পাতা দ্র.

(৫) জেলা প্রশাসকগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে; সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;

(৬) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

(৭) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে;

(৮) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/ জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৯) বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/ টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১০) নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;

(১১) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।

স্বাঃ/-
(আবু সাইদ মোঃ কামাল)
উপসচিব (ত্রাক-২)
ফোনঃ ৫৫১০০৫২২।

**মহাপরিচালক**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২২.**২০৯**

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৯ ব. / ২৬ জুলাই ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য/মহিলা সংসদ সদস্য,................................, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শের ই বাংলা নগর, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, ......................................................(সকল)।
৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
১০। সিষ্টেম এনালিষ্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও বিভাগীয় কমিশনারসহ সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের অনুরোধসহ) ।
১১। অতিঃ সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬/০৭/২০২২
(আবু সাইদ মোঃ কামাল)
উপসচিব (ত্রাক-২)।